ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৮০
মোহনপুর,৮ সেপ্টেম্বর,২০২৫

**লেম্বুছড়ায় বন্যায় ক্ষতিগ্রস্ত**
**মৎস্যচাষিদের আর্থিক সহায়তা প্রদান**

মৎস্য দপ্তরের উদ্যোগে আজ মোহনপুর মহকুমার লেম্বুছড়াস্থিত মৎস্যচাষি প্রশিক্ষণ কেন্দ্রে প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনার মাধ্যমে জাল তৈরির প্রশিক্ষণ প্রাপ্তদের শংসাপত্র প্রদান ও গত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্যচাষিদের আর্থিক সহায়তা ও বিভিন্ন সামগ্রী বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা, মৎস্য দপ্তরের উপ-অধিকর্তা বিজয় রায়, মোহনপুর মহকুমার মৎস্য তত্ত্বাবধায়ক দীপমালা রায় প্রমুখ।

অনুষ্ঠানে ২৮ জন জাল তৈরির প্রশিক্ষণ প্রাপ্তদের শংসাপত্র দেওয়া হয়। গত বছরে বন্যায় ক্ষতিগ্রস্তদের এবছরে এন.ডি.আর.এফ.-এর তরফে মোহনপুর মহকুমায় মোট ৭৮৯ জনকে আর্থিক সহায়তা প্রদান করা হবে। এরমধ্যে আজ লেফুঙ্গা এবং বামুটিয়া ব্লকের ১৬ জন মৎস্যচাষিকে আর্থিক সহায়তার অনুমোদনপত্র দেওয়া হয়। এছাড়া ৭ জন মৎস্যচাষিকে মাছ ধরার জাল ও ৩ জনকে বরফ রাখার বাক্স দেওয়া হয়। পাশাপাশি সকল মৎস্যচাষিদের সি.এস.সি. (এন.এফ.ডি.পি.) দ্বারা নিবন্ধন প্রশংসাপত্র প্রদান করা হয়।

*****